# Times Today BD

মো. নাঈম | দেশজুড়ে | 16 July, 2025

ঝালকাঠির কাঁঠালিয়ায় এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত ২১জন শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করেছে উপজেলা প্রশাসন।

গত মঙ্গলবার (১৫ জুলাই) সকাল ১১টায় উপজেলা পরিষদ সভাকক্ষে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মোট ২১ জন কৃতি শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।অনুষ্ঠানে তাদের প্রথমে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং পরে কৃতিত্বের স্বীকৃতি হিসেবে প্রত্যেককে ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাঁঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা জহিরুল ইসলাম।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (কাঁঠালিয়া-রাজাপুর সার্কেল) মো. শাহ আলম।বক্তব্য রাখেন উপজেলা মৎস্য কর্মকর্তা নাহিদা আক্তার, কাঁঠালিয়া থানার অফিসার ইনচার্জ মং চেনলা, শিক্ষার্থী ফারিয়া ইয়াসমিন অহনা ও আশিকুর রহমান নাহিদ।অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আনোয়ারুল আজিম।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এ বছর কাঁঠালিয়ার মাধ্যমিক বিদ্যালয় থেকে ১৭ জন, মাদ্রাসা থেকে ২ জন ও এসএসসি ভোকেশনাল থেকে ২ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছেন।

সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, সরকারি কর্মকর্তা ও স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।বক্তারা শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন এবং মাদক ও কুসংস্কারমুক্ত সমাজ গঠনে তাদের অগ্রণী ভূমিকা রাখার আহ্বান জানান।

এসএসসি সংবর্ধনা উপজেলা প্রশাসন ঝালকাঠি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 July, 2025 01:07

URL: https://timestodaybd.com/across-the-country/8463544823